স্মারক নং ২০৬......তারিখ ঃ ২২
১) দৈনিক ..................
২) দৈনিক ..................
বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য আদেশ প্রদান ক

# পুণঃ নিলাম বিজ্ঞপ্তি

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক**
**বিজ্ঞ ২য় যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, গাজীপুর।**
**অর্থজারী মোকদ্দমা নং- ০৭/২০২২**

সোনালী ব্যাংক লিঃ রমনা কর্পোরেট শাখা, ঢাকা

------------- ডিক্রীদার

বনাম

১) ফেয়ার জিপার এন্ড ইয়ার্ণ ডাইং মিলস লিমিটেড, পক্ষে- ব্যবস্থাপনা পরিচালক জনাব জসীম আহমেদ, কারখানা- পূর্ব চান্দুরা, থানা- কালিয়াকৈর, জেলা- গাজীপুর । ২) জনাব জসীম আহমেদ, পিতা- মরহুম ডাঃ জালাল উদ্দিন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক- ফেয়ার জিপার এন্ড ইয়ার্ণ ডাইং মিলস লিমিটেড, সাং- বাড়ী নং- ৪৮৮এ, রোড নং- ৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা- ১২০৬। ৩) ইয়াসমিন আহমেদ, স্বামী- জনাব জসীম আহমেদ। পরিচালক- ফেয়ার জিপার এন্ড ইয়ার্ণ ডাইং মিলস লিমিটেড, সাং- বাড়ী নং- ৪৮৮এ, রোড নং- ৩২, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।

--------দায়ীকগন

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে দায়িকগণের নিকট থেকে ডিক্রীদার ব্যাংক বিগত ৩০/১১/২০২০ ইং তারিখ পর্যন্ত ডিক্রীদার সুদ সহ খরচ সহ ব্যাংকের প্রাপ্ত ১০২,৪৬,১১,৮৪২.৬৩/- টাকা এবং পরবর্তী মামলা খরচ ও সুদসহ অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে আগামী ২৭/০৫/২৪ ইং তারিখে নিম্নরূপ শর্ত সাপেক্ষে নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণের নিকট হতে উক্ত তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

(১) আগামী ২৭/৫/২৪ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরকারি বা রেজিষ্ট্রি ডাকযোগে আদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

(২) নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

(৩) নিলাম দরপত্রের সাথে নিলালম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৪) প্রত্যেক দরদাতা উদ্বৃদ দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষ অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফ বা পে-অর্ডার বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত- ২, গাজীপুর এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

(৫) দরদাতা অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা উদ্বৃত দর গৃহীত পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষো অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দনির মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

(৬) দরপত্র অপরাহ্য ২.০০ ঘটিকার মধ্যে আদালতে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে জমা দিতে হইবে। ঐদিন অপরাহ্ন ২.০০ ঘটিকার সময় দরপত্র দাতাগণ তাহাদের প্রতিনিধিগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

(৭) দরপত্রে পত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তপসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৮) নিম্ন তফসিল বর্নিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়- দায়ীত্ব ডিক্রীদার/ ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

(৯) উপরে বর্নিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ের আহ্বান করতে পারবেন।

(১০) কৃতকার্য দরদাতার অনুকূলে শর্ত পূরণ সাপেক্ষে তফসিল বর্নিত সম্পত্তির দখল অত্রাদালতের মাথ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ব্যাংকের উক্ত শাখা অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

(১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

**সম্পত্তির তফসিল**

(ক) জিলা- গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস কালিয়াকৈর, মৌজা- পূর্ব চান্দুরা, জে.এল.নং- সি.এস ও এস.এ ৪২২, আর.এস- ১৬২, এতিয়ান নং- সি.এস. ৬৬ (ছিষট্টি), এস.এ. ১২৭ (একশত সাতাশ), আর.এস. ৫৭ (সাতান্ন), দাগ নং- সি.এস ও এস.এ- ৩১ (একত্রিশ), আর.এস- ১১৫ (একশত পনের), সম্পত্তির পরিমান- ১২২.৫০ (একশত সাড়ে বাইশ) শতাংশ এর কাতে ১৭.৫০ (সাড়ে সতের) শতাংশ সম্পত্তি ও তদস্থিত নির্মিত ও নির্মিতব্য মিল, ফ্যাক্টরী, যন্ত্রপাতি, কলকজা, দালানকোঠা ইত্যাদি সহ বন্ধককৃত বটে। যাহার মালিক- জসীম আহমেদ

(খ) জিলা- গাজীপুর, থানা ও সাব-রেজিষ্ট্রী অফিস কালিয়াকৈর, মৌজা- পূর্ব চান্দুরা, জে.এল.নং- সি.এস ও এস.এ ৪২২, আর.এস- ১৬২, খতিয়ান নং-- সি.এস. ৩২ (বত্রিশ), এস.এ. ৭০ (সত্তর), আর.এস. ১৪৫ (একশত পঁয়তাল্লিশ), দাগ নং- সি.এস ও এস.এ- ২৯ (উনত্রিশ), আর.এস- ১১১ (একশত এগার), সম্পত্তির পরিমান- ৫৩ (তিপ্পান্ন) শতাংশ সম্পত্তি ও তদস্থিত নির্মিত ও নির্মিতব্য মিল, ফ্যাক্টরী, যন্ত্রপাতি, কলকজা, দালানকোঠা ইত্যাদি সহ বন্ধককৃত বটে। যাহার মালিক জনাব জসীম আহমেদ।

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ ও অর্থঋণ ২য় আদালত, গাজীপুর।